গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৬- ৭৯৮ তারিখঃ ০৫.১০.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ সুলতানা জেসমিন (১২৪৬১২), মেডিকেল অফিসার, চরকেওয়ার ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

## অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সুলতানা জেসমিন (১২৪৬১২), মেডিকেল অফিসার, চরকেওয়ার ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, মুন্সিগঞ্জ গত ২৪.০৫.২০১৫খ্রিঃ তারিখ হতে ১৩.০৭.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

০৫/১০/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ সুলতানা জেসমিন (১২৪৬১২)
মেডিকেল অফিসার
চরকেওয়ার ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র
সদর, মুন্সিগঞ্জ।
(যোগাযোগ ঠিকানাঃ- পিতা-মোঃ বেলায়েত হোসেন, ১৫৪/৮, ওয়াপদা রোড, পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৬- ৭৯৮/১(৫) তারিখঃ ০৫.১০.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৪। সিভিল সার্জন, মুন্সিগঞ্জ।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০৫/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ সুলতানা জেসমিন (১২৪৬১২), মেডিকেল অফিসার, চরকেওয়ার ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, মুন্সিগঞ্জ গত ২৪.০৫.২০১৫খ্রিঃ তারিখ হতে ১৩.০৭.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

০৫/১০/২০১৬

(বিমান কুমার সাহা-এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৬- ৭১৬ তারিখঃ ০৫.১০.২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ এস এ নুরুল হুদা (৩৬৩৯৬), সহকারী পরিচালক, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন কিউরেটর (প্যাথলজি), ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

## অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ এস এ নুরুল হুদা (৩৬৩৯৬), প্রাক্তন কিউরেটর (প্যাথলজি), ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ অধিশাখার ১৬.০২.২০১৬ তারিখের ৪৫.১৪৩.০৮০.০৩.০০.০০১.২০১৬-১৭০নং প্রজ্ঞাপনে সহকারী পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়। একই আদেশে আপনাকে সংযুক্তি হিসেবে আইএইচটি, সিলেটে পদায়ন করা হলে আপনি পদোন্নতি প্রাপ্ত এবং পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, পার-২ অধিশাখার ১৭.০৭.২০১৬ তারিখের ৪৫.১৪৩.০৮০.০৩.০০.০০১.২০১৬-৬০৯নং প্রজ্ঞাপনে আপনাকে সহকারী পরিচালক (প্রশাসন), সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেটে হিসেবে পদায়ন করা হলেও আপনি সরকারি আদেশ অমান্যপূর্বক সংশোধিত বদলিকৃত কর্মস্থলেও যোগদান করেননি;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ এস এ নুরুল হুদা (৩৬৩৯৬)
কিউরেটর (প্যাথলজি)
ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।
(যোগাযোগ ঠিকানাঃ- পিতা-মৃত মমতাজ উদ্দিন ভুইয়া, ফুলবাড়িয়া রোড বিলানে, আকুয়া মাদ্রাসা কোয়ার্টার, ময়মনসিংহ)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৬- ৭১৬/১(৬) তারিখঃ ০৫.১০.২০১৬ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। অধ্যক্ষ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।
৪। উপপরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৫। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০৫/১০/২০১৬

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডাঃ এস এ নুরুল হুদা (৩৬৩৯৬), প্রাক্তন কিউরেটর (প্যাথলজি), ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ অধিশাখার ১৬.০২.২০১৬ তারিখের ৪৫.১৪৩.০৮০.০৩.০০.০০১.২০১৬-১৭০নং প্রজ্ঞাপনে সহকারী পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়। একই আদেশে আপনাকে সংযুক্তি হিসেবে আইএইচসটি, সিলেটে পদায়ন করা হলে আপনি পদোন্নতি প্রাপ্ত এবং পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, পার-২ অধিশাখার ১৭.০৭.২০১৬ তারিখের ৪৫.১৪৩.০৮০.০৩.০০.০০১.২০১৬-৬০৯নং প্রজ্ঞাপনে আপনাকে সহকারী পরিচালক (প্রশাসন), সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেটে হিসেবে পদায়ন করা হলেও আপনি সরকারি আদেশ অমান্যপূর্বক সংশোধিত বদলিকৃত কর্মস্থলেও যোগদান করেননি;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৯.২০১৬- ৭১৭

তারিখঃ .০৬.১৪২৩বঙ্গাব্দ
০৫.১০.২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ অয়ন শংকর শীল (১০০৩০৯৭), মেডিকেল অফিসার, যাদবপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মহেশপুর, ঝিনাইদহ গত ২৯.১১.২০০৮খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ২৮.১১.২০১৩খ্রিঃ তারিখ সরকারি চাকুরীতে তাঁর অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ অয়ন শংকর শীল (১০০৩০৯৭), মেডিকেল অফিসার, যাদবপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মহেশপুর, ঝিনাইদহ এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ২৯.১১.২০১৩খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

(সৈয়দ মন্‌জুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৯.২০১৬- ৭১৭/১(১০)

তারিখঃ ০৫.১০.২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। উপসচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিভিল সার্জন, ঝিনাইদহ।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ অয়ন শংকর শীল (১০০৩০৯৭), মেডিকেল অফিসার, যাদবপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মহেশপুর, ঝিনাইদহ (স্থায়ী ঠিকানাঃ- পিতা- যামিনী শংকর শীল, গ্রাম-মাধব লক্ষ্মীকোল, ডাকঘর+উপজেল+জেলা-রাজবাড়ী।

০৫/১০/২০১৬

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৬- ৭৭৮ তারিখঃ ০৫.১০.২০১৬খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মিলন কুমার গোমস্তা (১২৬২১৬), মেডিকেল অফিসার, শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল গত ০৩.০৬.২০১৫খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৬.০৩.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৬-১৮৬নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

০৫/১০/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মিলন কুমার গোমস্তা (১২৬২১৬)
মেডিকেল অফিসার
শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মনোজ কুমার গোমস্তা, গ্রাম-সমুদ্রপাড়, ডাক-চান্দশি, থানা-গৌরনদী, জেলা-বরিশাল)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৬- ৭৭৮/১(৬) তারিখঃ ০৫.১০.২০১৬খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক, শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০৫/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Showcause\2nd shocase.doc